

এইচএসসি পরীক্ষা পেছানোর সুযোগ নেই: শিক্ষামন্ত্রী

ইত্তেফাক অনলাইন রিপোর্ট

প্রকাশ : ০৮ আগস্ট ২০২৩, ১৭:২৪



ডা. দীপু মনি। ছবি: সংগৃহীত

এইচএসসি ও সমমানের পরীক্ষার তারিখ পেছানোর সুযোগ নেই বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপুমনি। মঙ্গলবার বিকেলে ঢাকার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এক অনুষ্ঠান শেষে তিনি এ তথ্য জানান।

শিক্ষামন্ত্রী জানান, ২০২৩ সালের এইচএসসি পরীক্ষায় অংশ নেওয়া সব শিক্ষার্থীকে পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী সব বিষয়ে পূর্ণ নম্বর ও পূর্ণ সময়ে পরীক্ষা দিতে হবে।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

সাধারণ শিক্ষা বোর্ডের তত্ত্বীয় পরীক্ষা ১৭ আগস্ট শুরু হয়ে ২৫ সেপ্টেম্বর শেষ হবে এবং ব্যবহারিক পরীক্ষা ২৬ সেপ্টেম্বর শুরু হয়ে ৪ অক্টোবর শেষ হবে।

মাদ্রাসা শিক্ষা বোর্ডে তত্ত্বীয় পরীক্ষা ১৭ আগস্ট শুরু হয়ে ২৬ সেপ্টেম্বর শেষ হবে এবং ব্যবহারিক পরীক্ষা ২৭ সেপ্টেম্বর শুরু হয়ে ৪ অক্টোবর শেষ হবে।

কারিগরি শিক্ষা বোর্ডে তত্ত্বীয় পরীক্ষা ১৭ আগস্ট শুরু হয়ে ১৪ সেপ্টেম্বর শেষ হবে এবং ব্যবহারিক পরীক্ষা ১৫ সেপ্টেম্বর শুরু হয়ে ২৭ সেপ্টেম্বর শেষ হবে।

চলতি বছরের এইচএসসি পরীক্ষাকে সামনে রেখে আগামী ১৪ থেকে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত দেশের সব কোচিং সেন্টার বন্ধ রাখতে হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

এর আগে গত ৭ জুলাই তিনি বলেন, 'আগামী বছরের পরীক্ষার্থীরা এ বছর পূর্ণাঙ্গ সিলেবাসে ক্লাস পাচ্ছে না। তাই যারা পুরোপুরি ক্লাস পাচ্ছে না, তাদের জন্য পরবর্তী সময়ে পূর্ণাঙ্গ না হলেও কিছুটা সংক্ষিপ্তভাবে সিলেবাস পুনর্বিন্যাস করে পরীক্ষার ব্যবস্থা করা হবে।'

ইত্তেফাক/এসজেড